

তাল -- একতালা

হ'ল ওড়াকান্দী মহাযজ্ঞ গুরুচাঁদের লীলা চমৎকার  
এমন কেউ দেখি নাই কেউ শুনি নাই,

সামনে হবে কিনা ভাই তা জানেন ঈশ্বর ॥

১। অশ্বমেধ আর নরমেধে, নর বধে আর অশ্ব বধে,  
গোমেধে হয় গরুর প্রাণ সংহার—

ভাই রে এই যজ্ঞে নাই প্রাণের হিংসা,

কেবল হরিবোল রোল

আর নিরামিশ আহার ॥

২। কত এল পাতার বোঝা, ক্ষুদ্র জ্ঞানে না যায় বোঝা  
চিত্তাপত্র খাঁটি একহাজার ।

তারা দলে দলে মিলে চলে, তাদের নয়নজলে

বয়ান ভাসে অনিবার ॥

(অস্তুরা)

৩। ঠাকুর প্রমথ আর মন্মথ মন মত দুই ভাই,

মন মত করেছে যজ্ঞ কেউ তাই পারে নাই ।

যজ্ঞের মন্ত্রী হ'ল গোপালসাধু আর বিপিনচাঁদ গৌঁসাই ॥

৪। যজ্ঞের ম্যানেজার হয় মাধবেন্দ্র, ভাণ্ডারী হয় যাদব

চন্দ্র, নকুল সাজিলেন তাই ।

যজ্ঞে নারায়ণ চৌধুরী, কিরণ, ভ্রমে সর্ব ঠাই ॥